


Government of the People's Republic of Bangladesh Ministry of Commerce



Export-6 Branch
Bangladesh Secretariat, Dhaka
www.mincom.gov.bd



বাংলাদেশ ও উজবেকিস্তানের মধ্যে 3rd Intergovernmental Commission on Trade and Economic Cooperation এর সভায় মাননীয় বাণিজ্যমন্ত্রী জনাব টিপু মুনশি এমপি এবং উজবেকিস্তানের মাননীয় উপ-প্রধানমন্ত্রী জনাব জামশেদ কাদজায়েভ

বাংলাদেশ ও উজবেকিস্তানের মধ্যে দিপক্ষীয় বাণিজ্য, বিনিয়োগ ও অর্থনৈতিক সহযোগিতা সম্প্রসারণের লক্ষ্যে Bangladedsh-Uzbekistan Intergovernmental Commission on Trade and Economic Cooperation এর ৩য় সভা বাণিজ্য মন্ত্রণালয়ের আয়োজনে ২৯ জুলাই ২০২২ ঢাকায় অনুষ্ঠিত হয়। মাননীয় বাণিজ্যমন্ত্রী জনাব টিপু মুনশি এমপি, বাংলাদেশ প্রতিনিধিদলের এবং উজবেকিস্তানের মাননীয় উপ-প্রধানমন্ত্রী জনাব জামশেদ কাদজায়েভ উজবেকিস্তান প্রতিনিধিদলের নেতৃত্ব প্রদান করেন। সভায় দ্বিপক্ষীয় বাণিজ্য, বিনিয়োগ এবং অর্থনৈতিক সহযোগিতা বৃদ্ধির ওপর উভয় পক্ষ গুরুত্ব প্রদান করে। বিশেষত বাংলাদেশে কটন নির্ভর টেক্সটাইল শিল্পে উজবেক বিনিয়োগ, বাংলাদেশের RMG ও টেক্সটাইল পণ্য রপ্তানি, উজবেকিস্তানে বাংলাদেশের টেক্সটাইল ও তৈরি পোশাক খাতের কারিগরি সহায়তা, দু'দেশের মধ্যে এগ্রো ফুডস এন্ড ফুটস সেক্টরে সহযোগিতা, বাংলাদেশের ফার্মাসিউটিক্যালস পণ্য রপ্তানি বৃদ্ধি এবং উজবেকিস্তানে ফার্মাসিউটিক্যাল খাতে বিনিয়োগসহ বিভিন্ন প্রকার বাণিজ্য বাধাসমূহ দূরীকরণ বিষয়ে আলোচনা হয়। দু'দেশের বাণিজ্য ও পর্যটন শিল্প বিকাশে ঢাকা-তাসখন্দ-ঢাকা সরাসরি ফ্লাইট চালু, বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সাথে উজবেক এয়ারের কোড শেয়ারিং এবং ঢাকায় উজবেকিস্তানের এ্যাম্বেসি খোলার বিষয়ে গুরুত্বের সাথে আলোচনা হয়। সভায় আলোচ্য বিষয়সমূহ দুত্ব বাস্তবায়নের জন্য জয়েন্ট ওয়ার্কিং গুপ গঠন এবং এ বিষয়ে একটি রোড ম্যাপ তৈরিতে উভয় পক্ষ একমত পোষণ করে।